# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি- প্রথম**

**বিষয়- বাংলা**

## শক্তিমাতার আশ্রমে

***নির্দেশাবলি: গল্পটা ভালো করে পড়ো।***

***উপরের বানান গুলো শেখো।***

***এককথায় / পূর্ণবাক্যে উত্তর দাও:***

**১.** ‘তারা পৌঁছে গেল’- ‘তারা’ কারা? ‘তারা’ কোথায় পৌঁছে গেল? (নিজে লেখো)

**২**. কে তল্পিতল্পা নামাল? (নিজে লেখো)

**৩.** ‘তল্পিতল্পা’ কথাটির অর্থ কী?

**উঃ**- পোঁটলাপুঁটলি

**৪.** ‘নমস্কার জানাল’- কে নমস্কার জানাল?

**উঃ**- নন্দদুলাল

**৫.** নন্দদুলালকে কারা বিদায় জানাল?(নিজে লেখো)

৬. শক্তিমাতার আশ্রমের চারপাশের পরিবেশের বর্ণনা দাও:

**উঃ-** শক্তিমাতার আশ্রমটি রাস্তার ধারেই, তার সামনে ফুলের বাগান, দুপাশে দেবদেবীর মন্দির এমনকি জগন্নাথের মন্দিরও আছে। তার পাশে প্রশস্ত দোল মঞ্চ, সেখানে দোলের অনুষ্ঠান হয়। আশ্রমের চারিদিক খুব পরিষ্কার ও পরিচ্ছন্ন।

**৭. '**সেখানেই তাদের থাকার ব্যবস্থা করলেন'- কে কাদের কোথায় থাকার ব্যবস্থা করলেন? (নিজে লেখো)

**৮.** অতিথিদের বিশ্রামের স্থান কোথায় ছিল?

**উঃ-** শক্তিমাতার আশ্রমের পশ্চাৎদিকে

**৯. '**ঈশ্বর মঙ্গলময়' - কথাটি কে বলেছিলেন?(নিজে লেখো)

**১০.** নতমস্তকে কে বসেছিলেন?(নিজে লেখো)

**১১.** আশ্রমপিতা সৌম্য সুকন্যাকে কী পুরস্কার দিয়েছিলেন?

**উঃ-** আশ্রমপিতা সৌম্য সুকন্যাকে তাদের মাকে ফিরে পেতে সাহায্য করেছিলেন।তিনি এই পুরস্কার তাদের দিয়েছিলেন।

**১২. '**আনন্দে আত্মহারা হল তারা' - 'তারা' কারা?

**উঃ-** সৌম্য,সুকন্যা ও লাবণ্যদেবী।

❖ **বই থেকে শব্দার্থ ও বিপরীত শব্দ পড়বে।**

❖ **সরবপাঠ অভ্যাস করবে।**

**বাক্যরচনা করো (নমুনা)**

**বাগিচা -** দার্জিলিং-এ কমলালেবুর বাগিচা দেখা যায়।

❖ ***বাড়ির কাজ***

**১.বাক্যরচনা করো :** মন্দির, আশ্রম, নমস্কার।

**২. শূন্যস্থান পূরণ করো:**

পাশের _____ রয়েছেন কয়েকজন _____ মানুষ।যাঁরা বন্যায় _____ হয়েছিলেন।

❖ **নিজে লেখো - H.W খাতায় করবে।**

SRAI

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRAI